

পল্লী সমাজসেবা কার্যক্রম

নির্বাচিত গ্রামের স্থায়ী বাসিন্দা, যিনি আর্থ সামাজিক জরিপের মাধ্যমে সমাজসেবা অধিদফতরের তালিকাভুক্ত পল্লী সমাজসেবা কার্যক্রমের কর্মদলের সদস্য/সদস্যা। যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় সর্বোচ্চ ২৫ হাজার টাকা পর্যন্ত।

নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর ১ম বার ঋণ(বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের ১ মাসের মধ্যে এবং ২য়/৩য় ঋণ (পুনঃবিনিয়োগ)গ্রহণ এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে।

পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম

নির্বাচিত গ্রামের স্থায়ী বাসিন্দা, যিনি আর্থ সামাজিক জরিপের মাধ্যমে সমাজসেবা অধিদফতরের তালিকাভুক্ত পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের কর্মদলের সদস্যা। যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় সর্বোচ্চ ২৫ হাজার টাকা পর্যন্ত।

নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর ১ম বার ঋণ(বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের ১ মাসের মধ্যে এবং ২য়/৩য় ঋণ (পুনঃবিনিয়োগ)গ্রহণ এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে।

এসিডদক্ষ ও প্রতিবন্ধীদের পুনর্বাসন ঋণ কার্যক্রম

এসিডদক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তি যাদের বাৎসরিক আয় ২০,০০০/- (বিশ হাজার) টাকার নিচে।

নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর ১ম বার ঋণ(বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের ১ মাসের মধ্যে এবং ২য়/৩য় ঋণ (পুনঃবিনিয়োগ)গ্রহণ এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে।

বয়স্ক ভাতা কার্যক্রম

ভাতার বরাদ্দ প্রাপ্তি

প্রার্থী নির্বাচন

যার ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সী হতদরিদ্র মহিলা বা পুরুষ, যার বার্ষিক গড় আয় অনুর্ধ্ব ৩,০০০/- (তিন হাজার) টাকা তিনি আবেদন করতে পারবেন। তবে বেশি বয়স্ক ও দুঃস্থ ব্যক্তিগণ অগ্রাধিকার পাবেন।

ইউনিয়ন পরিষদের ভাতা বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদন।

ইউনিয়ন পরিষদের ভাতা বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রাপ্ত আবেদনগুলো উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই ও চূড়ান্ত অনুমোদন।

নির্ধারিত ব্যাংকে চূড়ান্ত তালিকা ও ডি-হাফ প্রেরণ এবং ভাতাভোগীগণ কর্তৃক ভাতা উত্তোলন।

অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম

ভাতার বরাদ্দ প্রাপ্তি

প্রার্থী নির্বাচন

০৬ বছরের উর্দে সকল ধরণের প্রতিবন্ধী ব্যক্তি যিনি বয়স্ক ভাতা কিংবা সরকার কর্তৃক অন্য ভাতা পান না; যিনি চাকুরীজীবী কিংবা পেনশন ভোগী নন। যাদের বার্ষিক পারিবারিক আয় ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকার কম।

ইউনিয়ন পরিষদের ভাতা বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদন।

ইউনিয়ন পরিষদের ভাতা বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রাপ্ত আবেদনগুলো উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই ও চূড়ান্ত অনুমোদন।

নির্ধারিত ব্যাংকে চূড়ান্ত তালিকা ও ডি-হাফ প্রেরণ এবং ভাতাভোগীগণ কর্তৃক ভাতা উত্তোলন।

বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা কার্যক্রম

ভাতার বরাদ্দ প্রাপ্তি

প্রার্থী নির্বাচন

১৮ বছরের উর্দে যে কোন তলাকপ্রাপ্ত, স্বামী পরিত্যক্তা, বিপত্তীক, নিঃসন্তান, পরিবার থেকে বিচ্ছিন্ন নারীদের ভাতা প্রদান করা হয়।

ইউনিয়ন পরিষদের ভাতা বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদন।

ইউনিয়ন পরিষদের ভাতা বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রাপ্ত আবেদনগুলো উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই ও চূড়ান্ত অনুমোদন।

নির্ধারিত ব্যাংকে চূড়ান্ত তালিকা ও ডি-হাফ প্রেরণ এবং ভাতাভোগীগণ কর্তৃক ভাতা উত্তোলন।

মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা কার্যক্রম

ভাতার বরাদ্দ প্রাপ্তি

প্রার্থী নির্বাচন

মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী যার বার্ষিক আয় ১২,০০০/- (বার হাজার) টাকার উর্দে নয়, মুক্তিযোদ্ধা বলতে জাতীয়ভাবে প্রকাশিত ৪টি তালিকায় কমপক্ষে দুটি তালিকায় অন্তর্ভুক্ত, সতন্ত্র বাহিনী বিভাগ এবং বাংলাদেশ রাইফেলস হতে প্রাপ্ত মুক্তিযোদ্ধা তালিকায় যাদের না অন্তর্ভুক্ত আছে বা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত গেজেট বা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত গেজেট বা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপ্রাপ্ত মুক্তিযোদ্ধা এক্ষেত্রে কর্মক্ষম নন বা আংশিক কর্মক্ষম/ভূমিহীন/কর্মহীন/সহায় সম্বলহীন মুক্তিযোদ্ধাগণ অগ্রাধিকার পাবেন।

উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কর্তৃক অনুমোদন

উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কর্তৃক প্রাপ্ত আবেদনগুলো উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই ও চূড়ান্ত অনুমোদন।

নির্ধারিত ব্যাংকে চূড়ান্ত তালিকা ও ডি-হাফ প্রেরণ এবং ভাতাভোগীগণ কর্তৃক ভাতা উত্তোলন।

অসচ্ছল প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তী কার্যক্রম

ভাতার বরাদ্দ প্রাপ্তি

প্রার্থী নির্বাচন

সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৫ বছর বয়সের উর্দে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী, যাদের বার্ষিক মাথাপিছু পারিবারিক আয় ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকার নিচে।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রাপ্ত আবেদনগুলো উপজেলা প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি বাস্তবায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই ও চূড়ান্ত অনুমোদন।

প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে শিক্ষার্থীদের উপবৃত্তির চেক প্রেরণ।

প্রতিবন্ধীদের পরিচয়পত্র প্রদান কার্যক্রম

প্রতিবন্ধী ব্যক্তি কর্তৃক জরিপ ফরম পূরণ পূর্বক তথ্য প্রেরণ। অবশ্যই প্রতিবন্ধী জপির সংক্রান্ত বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত ডাক্তারের নিকট থেকে প্রতিবন্ধী চিহ্নিত করণ করে উক্ত ফরমে ডাক্তার কর্তৃক স্বাক্ষর প্রদান ও রেজিষ্টেশন নম্বর লিখতে হবে।

উক্ত জরিপ ফরম সংশ্লিষ্ট কার্যালয়ে জমা প্রদানের পর প্রতিবন্ধী পরিচয়পত্র প্রদান করা হয়।

